

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
জেলাপ্রশাসক ও রিটার্নিং অফিসারের কার্যালয়  
বান্দরবান পার্বত্য জেলা  
www.bandarban.gov.bd

নম্বর: ০৫.৪২.০৩০০.৪০৩.১২.০৩৫.২৩.৬৪৩

তারিখ: ০৩ অগ্রহায়ণ, ১৪৩০  
১৮ নভেম্বর, ২০২৩

### পোস্টাল ব্যালটে ভোটদান সংক্রান্ত গণ-বিজ্ঞপ্তি

এতদ্বারা সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, বাংলাদেশ নির্বাচন কমিশন দ্বাদশ জাতীয় সংসদ নির্বাচনের জন্য সময়সূচি প্রকাশ করেছেন। উক্ত সময়সূচি অনুযায়ী ভোটগ্রহণের তারিখ আগামী ০৭ জানুয়ারি, ২০২৪ রোজ রবিবার। জাতীয় সংসদ নির্বাচনে কতিপয় ব্যক্তিবর্গের জন্য পোস্টাল ব্যালট-এর মাধ্যমে ভোটাধিকার প্রয়োগের বিধান রয়েছে।

২। পোস্টাল ব্যালটে ভোটদান: গণপ্রতিনিধিত্ব আদেশ, ১৯৭২ এর ২৭ অনুচ্ছেদে জাতীয় সংসদ নির্বাচনে নিম্নরূপ ব্যক্তিবর্গের পোস্টাল ব্যালট-এর মাধ্যমে ভোটাধিকার প্রয়োগ করতে পারবেন:

- ক) ভোটার তালিকা আইন, ২০০৯ এর ধারা ৮ এর উপ-ধারা (৩) এবং (৫) এ বর্ণিত ব্যক্তিবর্গ;
- খ) কোন ব্যক্তি তিনি যে ভোট কেন্দ্রে ভোট দেয়ার অধিকারী সে কেন্দ্র ছাড়া অন্য কোন ভোটকেন্দ্রে নির্বাচন সংক্রান্ত কোন দায়িত্ব পালনের জন্য নিযুক্ত আছেন;
- গ) বাংলাদেশী ভোটার বিদেশে বসবাস করলে।

৩। পোস্টাল ব্যালটে ভোটদানের জন্য আবেদন: ভোটদানের জন্য (ক) দফায় উল্লিখিত ব্যক্তিবর্গ কমিশন কর্তৃক নির্বাচনি সময়সূচির প্রজ্ঞাপন ঘোষণার দিন হতে ১৫ (পনের) দিনের মধ্যে পোস্টাল ব্যালটের মাধ্যমে ভোটদানের জন্য রিটার্নিং অফিসারের নিকট বিধি অনুসারে আবেদন করতে পারবেন এবং নির্বাচনের কাজে নিযুক্ত ব্যক্তিগণকেও নির্বাচনি কাজে নিয়োগপ্রাপ্ত হওয়ার সাথে সাথে সংশ্লিষ্ট রিটার্নিং অফিসারের নিকট আবেদন করতে হবে।

উল্লেখ্য যে, বান্দরবান পার্বত্য জেলার ০১টি সংসদীয় আসনের [৩০০-বান্দরবান] পোস্টাল ব্যালটের মাধ্যমে ভোটদানের জন্য যোগ্য ভোটারগণ উপরের নির্দেশনা অনুসরণ করে আগামী ৩০ নভেম্বর ২০২৩ তারিখের মধ্যে নিম্নস্বাক্ষরকারীর বরাবর আবেদন করতে পারবেন।

শাহ মোজাহিদ উদ্দিন  
জেলাপ্রশাসক, বান্দরবান পার্বত্য জেলা  
ও  
রিটার্নিং অফিসার  
দ্বাদশ জাতীয় সংসদ নির্বাচন  
৩০০-বান্দরবান

তারিখ ১ ৮ দিন ১ ১ মাস ২ ০ ২ ৩ বৎসর

নম্বর: ০৫.৪২.০৩০০.৪০৩.১২.০৩৫.২৩.৬৪৩

তারিখ: ০৩ অগ্রহায়ণ, ১৪৩০  
১৮ নভেম্বর, ২০২৩

সদয় অবগতি/অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হল (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

০১. সচিব, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা
০২. বিভাগীয় কমিশনার, চট্টগ্রাম বিভাগ, চট্টগ্রাম
০৩. আঞ্চলিক নির্বাচন কর্মকর্তা, চট্টগ্রাম অঞ্চল, চট্টগ্রাম
০৪. পুলিশ সুপার, বান্দরবান পার্বত্য জেলা
০৫. জেলা নির্বাচন অফিসার, বান্দরবান পার্বত্য জেলা
০৬. উপজেলা নির্বাহী অফিসার ও সহকারী রিটার্নিং অফিসার (সকল) ....., বান্দরবান পার্বত্য জেলা
০৭. জেলা তথ্য অফিসার, বান্দরবান পার্বত্য জেলা (বহল প্রচারের জন্য)
০৮. উপজেলা নির্বাচন অফিসার (সকল) ....., বান্দরবান পার্বত্য জেলা
০৯. সভাপতি/সাধারণ সম্পাদক, বান্দরবান প্রেসক্লাব, বান্দরবান পার্বত্য জেলা
১০. নোটিশ বোর্ড, .....

শাহ মোজাহিদ উদ্দিন  
জেলাপ্রশাসক, বান্দরবান পার্বত্য জেলা  
ও  
রিটার্নিং অফিসার  
দ্বাদশ জাতীয় সংসদ নির্বাচন  
৩০০-বান্দরবান